বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২ সালের ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : রমেন্দ্র নাথ বিশ্বাস
রেক্টর
সভার তারিখ : ২৫ জুলাই ২০২২
সভার সময় : বেলা ৩:৩০ টা
স্থান : রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর পরিচালক (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি মোতাবেক উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্র:ন:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণীপাঠ ও অনুমোদন	গত ২৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত ১ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী ই-নথির মাধ্যমে যথাসময়ে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।	
২	প্রবিধানমালা সংশোধন এবং অর্গানোগ্রাম হালনাগাদকরণ	ক) প্রবিধানমালা সংশোধন এবং অর্গানোগ্রাম হালনাগাদের জন্য বিপিএটিসি ও জনপ্রশাসন মন্ত্রণালয় যৌথভাবে দ্রুত একটি সভা করতে হবে। উক্ত সভার মতামত/নির্দেশনা মোতাবেক প্রবিধানমালা ও অর্গানোগ্রাম চূড়ান্ত করে আগস্ট ২০২২ মাসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। খ) উর্ধ্বতন গবেষণা অফিসার পদটিকে উপপরিচালক পদের সমমানকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি, এমডিএস (সকল) এবং পরিচালক (প্রশাসন)
৩	কেন্দ্রের জন্য নতুন পদ সৃষ্টি	কেন্দ্রের চলমান প্রকল্প বাস্তবায়নকল্পে নতুন পদ সৃষ্টির নিমিত্ত ১২ জুন ২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশ/নির্দেশনা মোতাবেক নতুন পদ সৃষ্টির খসড়া প্রস্তাব প্রস্তুত করে আগস্ট ২০২২ মাসের মধ্যে রেক্টর মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং উপপরিচালক (প্রশাসন)
৪	শূন্য পদ পূরণ	ইতোমধ্যে সহকারী পরিচালক (প্রশিক্ষণ/ খেলাধুলা) এবং মূল্যায়ন কর্মকর্তা ও গবেষণা কর্মকর্তাসহ মোট ৮টি পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কেন্দ্রের শূণ্য পদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (প্রশাসন)

৫	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় সভার আহবায়ক-এর সভাপতিত্বে ৩০/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং এসংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রশাসনিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং পরিচালক (অর্থ)
৬	ই-নথি কার্যক্রম	কেন্দ্র এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের দাপ্তরিক কার্যক্রমে ইনথি-ব্যবহার অব্যাহত রাখতে হবে। ই-নথিতে উপস্থাপন/ সম্পাদনযোগ্য দাপ্তরিক ডাক/নথি ই-নথিতে সম্পন্ন করতে হবে।	বাস্তবায়নে: সিস্টেম এনালিষ্ট, উপপরিচালক, আরপিএটিসি (সকল) এবং সহকারী প্রোগ্রামার-৪
৭	এপিপি'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ই-জিপি পদ্ধতিতে নির্ধারিত ক্রয় কার্যক্রম সম্পন্ন করা	ক) ২০২২-২০২৩ অর্থবছরের APP প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে রেক্টর মহোদয়ের মতামত/পর্যালোচনার নিমিত্ত দ্রুত একটি সভা আয়োজন করতে হবে।	বাস্তবায়নে: এমডিএস (ডিঅ্যান্ডই) ও পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ)
		খ) কেন্দ্রের চলমান প্রকল্প হতে বা রাজস্ব বাজেটের আওতায় ক্রয়কৃত মালামাল বুঝে নেয়ার জন্য গঠিত কমিটিকে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করতে হবে।	বাস্তবায়নে: এসংক্রান্ত কমিটি এবং সহকারী পরিচালক (ক্রয়)
		(গ) আঞ্চলিক কেন্দ্রসমূহে ই-জিপি'র মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে রিসোর্স পারসন এর মাধ্যমে এসংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল)
৮	ওয়েবসাইট আপডেট/ আধুনিকায়ন	কেন্দ্রের ওয়েবসাইট আপডেট/আধুনিকায়ন ও ন্যাশনাল ওয়েব পোর্টালে যুক্ত হওয়ার নিমিত্ত শীঘ্রই বিসিসি পরিদর্শন করত: তাঁদের পরামর্শ/মতামত আগামী সভায় উপস্থাপন করতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
৯	বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন	গত ২২ জুন ২০২২ তারিখে কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থ বছরের APA স্বাক্ষরিত হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের APA শতভাব বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা এবং শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সক্রিয়ভাবে দায়িত্ব পালন করতে হবে।	বাস্তবায়নে: এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা এবং শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা
১০	Citizen Charter হালনাগাদকরণ	ক) কেন্দ্রের সিটেজেন চার্টার হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিস্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং কর্মকর্তা (সকল)
		খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের Citizen Charter মোতাবেক সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল)
১১	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)	GRS কার্যক্রম অব্যাহত রাখতে হবে। Online/Offline-এ প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করে নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	বাস্তবায়নে: অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

১২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন	ক) কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। এসংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
		খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন কেন্দ্রে প্রেরণ করতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল)
১৩	ই-গভর্নেন্স ও ইনোভেশন	ক) ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। কেন্দ্রের উন্নয়নে কর্মকর্তা এবং কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত বাস্তবায়নযোগ্য আইডিয়াসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
		খ) গাড়ি রিকুইজেশনকারী কর্মকর্তা/ কর্মচারীদের গাড়িপ্রাপ্তির বিষয়টি মোবাইল ম্যাসেজ-এর মাধ্যমে অবহিত করতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
		গ) কেন্দ্রের ন্যায় আঞ্চলিক কেন্দ্রসমূহে ই-গভর্নেন্স ও ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল)
১৪	বিদ্যমান আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম	ক) আরপিএটিসি ঢাকার ৬তলা ভবন ভেঙ্গে ১২তলা ভবন নির্মাণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এবিষয়ে কেন্দ্রের প্রকল্প বিভাগ থেকে গণপূর্ত অধিদপ্তর-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) এবং সংশ্লিষ্ট কমিটি
		খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র সংলগ্ন সরকারি সম্পত্তি বন্দোবস্ত প্রাপ্তির জন্য বিভাগীয় কমিশনার চট্টগ্রাম এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। উক্ত কেন্দ্রের ৮ম তলা ভবনটি ১০ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের যাবতীয় কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে।	বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) ও উপপরিচালক, আরপিএটিসি (চট্টগ্রাম)
		গ) খুলনা আরপিএটিসি'র অনুকূলে ০.৬৬৭৬ একর ভূমি বরাদ্দের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খুলনা আরপিএটিসিতে ৩তলা ভবনটি ৫ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের যাবতীয় কাজ করতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (খুলনা)
		ঘ) আরপিএটিসি রাজশাহীর সীমানা প্রাচীর নির্মাণের অবশিষ্ট ২০% কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (রাজশাহী)
১৫	নতুন আরপিএটিসি স্থাপন	ক) রংপুর নতুন আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ভূমি মন্তণালয়ে সংশোধিত প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসন রংপুর এর সাথে যোগাযোগ রাখতে হবে।	বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি)
		খ) সিলেট নতুন আরপিএটিসি স্থাপনের নিমিত্ত সীমানা প্রাচীর নির্মাণ কাজ তদারকি করতে হবে।	বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি